তারিখ ... 4.2.80 ...
পৃষ্ঠা ... 7 কলাম 7 ...

দৈনিক বাংলা

# জামালপুরে নির্ধারিত সময়ের আগেই খাল কাটা শেষ

(নিজস্ব সংবাদদাতা)

জামালপুর, ২রা ফেব্রুয়ারী।— নির্ধারিত সময়ের ১৫ দিন আগেই সাতমাইল দীর্ঘ বানারের খাল পুনঃখননের কাজ শেষ হয়েছে।

ডিসেম্বরের ৮ম তারিখে উক্ত খাল খনন শুরু হয়। দু'মাস পর অর্থাৎ ফেব্রুয়ারী মাসের ৮ম তারিখে শেষ হবার কথা থাকলেও প্রশাসনের সহযোগিতায় এলাকাবাসীর ব্যাপক অংশগ্রহণের ফলে জানুয়ারীর ২০ তারিখে খননকাজ শেষ হয়েছে।

সদর মহকুমার শরিফপুর ইউনিয়নে উক্ত সাতমাইল দীর্ঘ বানারের খাল পুনঃখননের ফলে পাঁচ হাজার একর জমিতে অতিরিক্ত শস্য ফলানো যাবে। দেড়শ কিউসেকের ৬০টি পাওয়ার পাম্প বসানো হবে খুব শীঘ্র।